75

দৈনিক ইত্তেফাক

তারিখ 18 SEP 1994
পৃষ্ঠা ১২ কলাম ১

# ভিসি ও ছাত্র নেতৃবৃন্দের বৈঠকে কতিপয় সিদ্ধান্ত গ্রহণ

ইত্তেফাক রিপোর্ট ।। ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি নিয়া গতকাল (শনিবার) ভিসি প্রফেসর এমাজ-উদ্দিন আহমদের সভাপতিত্বে এবং প্রক্টর ও সহকারী প্রক্টরদের উপস্থিতিতে বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের এক যৌথ সভা অনুষ্ঠিত হয়। সভায় ছাত্র সংগঠনসমূহের ভবিষ্যৎ কার্যক্রম পরিচালনা ও আচরণ বিধি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। গৃহীত সিদ্ধান্তগুলি হইতেছে: কোন ছাত্র সংগঠন সন্ত্রাসীকে ও বিশ্ববিদ্যালয়ের নিয়ম-শৃংখলা পরিপন্থী কাজের সহিত জড়িত কাহাকেও প্রশ্রয় দিবে না এবং তাহাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করিতে কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করিবে; কোন সংগঠনের কেহ সন্ত্রাসী ঘটনা ঘটাইলে তাহার দায়-দায়িত্ব ঐ সংগঠনকেই নিতে হইবে; প্রতিটি ছাত্রের বৈধ অধিকারকে নিশ্চিত করিতে হইবে; প্রত্যেক ছাত্র সংগঠন গণতান্ত্রিক উপায়ে সাংগঠনিক কর্মকাণ্ড পরিচালনা করিবে, ইহাতে কেহ বাধা দিতে

(১১শ পৃঃ ৮-এরকঃ দ্রঃ)

## সিদ্ধান্ত গ্রহণ

(শেষ পৃঃ পর)

পারিবে না; জাতীয় পর্যায়ের নেতা-নেত্রীর প্রতি অশালীন ও অশোভন বক্তব্য বা শ্লোগান দেওয়া যাইবে না, যেসব অপরাধ দেশের প্রচলিত আইনানুযায়ী শাস্তিযোগ্য এবং যাহার তদন্ত ও বিচারের ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নাই ঐ সব অপরাধের ক্ষেত্রে আইনশৃংখলা রক্ষাকারী কর্তৃপক্ষ নিরপেক্ষভাবে ব্যবস্থা গ্রহণ করিবে এবং ছাত্র-সংগঠনসমূহের মধ্যে কোন সমস্যা দেখা দিলে তাহা অনতিবিলম্বে প্রক্টরের মাধ্যমে আলাপ-আলোচনা করিয়া সমাধান করিতে হইবে। ইহাছাড়া প্রতিমাসে ভিসি'র সহিত ছাত্র নেতৃবৃন্দের বৈঠক এবং প্রত্যেক হলে হল প্রাধ্যক্ষগণ প্রতিমাসে দুইবার বিভিন্ন ছাত্র সংগঠন এবং হল সংসদের নেতৃবৃন্দের সহিত বৈঠক করিবে। কোন ছাত্র সংগঠন ধর্মঘট আহ্বান করিলে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষা উক্ত ধর্মঘটের আওতাবহির্ভূত থাকিবে।